

স্মারক নং- ২৭.২৪.০০০০.০১৮.৩১.০০১.২১. ২৪৭

তারিখঃ ০২ অগ্রহায়ণ ১৪২৮ বঙ্গাব্দ
১৭ নভেম্বর ২০২১ খ্রিস্টাব্দ

নিবাহী প্রকৌশলী
গণপূর্ত ই/এম বিভাগ-৭
শেরে বাংলা নগর, ঢাকা।
ফোন-৫৫০২৮৮০৮।

QF-PRJ-06

বিষয়ঃ লোড ছাড়পত্র প্রদান।

- সূত্রঃ (১) আবেদন নথি নং- এসই(পিএভিডি)- ৭৮৪, তাং- ২২/০৮/২০২১ খ্রিঃ।
(২) স্মারক নং-২৭.২৪.০০০০.০৩৩.৩১.০০১.২১.৭৭৭, তারিখ-১৫/০৯/২০২১ খ্রিঃ।
(৩) ০৩/১১/২০২১ তারিখের পে-অর্ডার নং-৪০৬৬৪৬৯ (বাংলাদেশ ব্যাংক লিঃ), টাকা = ১২,৮০০/-
(৪) ০৩/১১/২০২১ তারিখের পে-অর্ডার নং-৪০৬৬৪৭০ (বাংলাদেশ ব্যাংক লিঃ), টাকা = ৯,৪৫,৮৯০/-


বর্ণিত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, ঢাকার আগারগাঁওস্থ নবনির্মিত বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ ভবনের জন্য ৬৪০ (ছয়শত চল্লিশ) কিঃওঃ লোড ছাড়পত্রের আবেদনের প্রেক্ষিতে ডিসেম্বর-২০২১ খ্রিঃ পর্যন্ত নিম্নবর্ণিত শর্ত অনুযায়ী ছাড়পত্র প্রদান করা হলেঃ-

শর্তসমূহঃ

- ১। ভবিষ্যতে বিদ্যুৎ সংযোগের জন্য আবেদন করা হলে সংশ্লিষ্ট বিদ্যুৎ বিতরণ নেটওয়ার্কে আবেদিত লোড সংকুলান হলে সরকারী নির্দেশনা প্রতিপালন সাপেক্ষে আবেদনের ক্রমঅনুসারে নিয়ম মোতাবেক সংযোগের ব্যবস্থা গ্রহণ করা হবে এবং কোন নতুন অবকাঠামো নির্মাণের প্রয়োজন হলে তা ডিপোজিট স্কীমের আওতায় বাস্তবায়ন প্রযোজ্য হবে।
- ২। বিদ্যুৎ চাহিদা ৮০ কিঃওঃ এর অধিক হওয়ায় নিয়মানুযায়ী ১১/০.৪ কেভি উপকেন্দ্র স্থাপন করতে হবে। উহার জন্য ট্রান্সফরমার, সুইচগিয়ার, পিএফআই প্লান্ট, নিজস্ব মিটারিং ইউনিট ইত্যাদি নিজ খরচে স্থাপন করতে হবে।
- ৩। সংযোগ গ্রহণের পূর্বেই সংশ্লিষ্ট বিক্রয় ও বিতরণ বিভাগ (আগারগাঁও) বরাবর আবেদন করতে হবে।
- ৪। বিদ্যুৎ সংযোগ এর ক্ষেত্রে আন্ডার গ্রাউন্ড ক্যাবল, সুইচ গিয়ার স্থাপন, ওভার হেড লাইন নির্মাণ অথবা কোন রকম পরিবর্তনের প্রয়োজন হলে উহা ডেসকোর 'পলিসি গাইড লাইন' অনুযায়ী ডিপোজিট স্কীমের আওতায় বাস্তবায়ন করতে হবে।
- ৫। সংযোগ গ্রহণের পর ডেসকো নির্ধারিত মিটারিং এর ব্যবস্থায় বিল প্রণয়ন এবং সরবরাহ করা হবে।
- ৬। সংযোগ প্রদানের ক্ষেত্রে বিদ্যুৎ এর 'মূল্য হার ও নিয়মাবলী-৮৯ ও ইহার পরবর্তী সংশোধনী' এবং অন্যান্য অনুমোদিত নীতিমালা প্রযোজ্য হবে।
- ৭। উপকেন্দ্র চালু করার ক্ষেত্রে গণ-প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের অধীন বিভাগের বৈদ্যুতিক ও প্রধান বিদ্যুৎ পরিদর্শকের দপ্তর হতে প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে। ইহা ছাড়াও সময়ে সময়ে জারীকৃত অন্যান্য বিধিমালা প্রযোজ্য ক্ষেত্রে অনুসরণ করতে হবে।
- ৮। ডিপোজিট স্কীমের আওতায় কাজ সম্পাদন করা হলে, কাজ সম্পাদনের পর নির্মিত Distribution Facility ডেসকোর সম্পদ বলে গন্য হবে এবং উক্ত Facility হতে ভবিষ্যতে অন্য গ্রাহককে সংযোগ প্রদানে প্রয়োজনীয় পরিবর্তনের অধিকার ডেসকো সংরক্ষণ করে।
- ৯। জিটিসিএল 'RMU' হতে আপনাদের উপকেন্দ্র পর্যন্ত ১১ কেভি ভূ-গর্ভস্থ সার্ভিস ক্যাবলটি নিজস্ব ব্যবস্থাপনায় স্থাপন এবং ভবিষ্যতে রক্ষণাবেক্ষন করতে হবে।
- ১০। কারিগরী বিবেচনায় পর্যাপ্ত লোড সংকুলান না থাকায় ভবিষ্যতে জিটিসিএল 'RMU' ফিডার হতে নতুন কোন লোড অনুমোদন দেয়া যাবে না। সেক্ষেত্রে অত্র এলাকায় আপনাদের তত্ত্বাবধানে নির্মাণাধীন সকল চলমান ও ভবিষ্যতে নির্মিতব্য বৃহদাকার স্থাপনা/সকল নতুন প্রকল্পে বৈদ্যুতিক অবকাঠামো নির্মাণের জন্য প্রয়োজনীয় অর্থের সংস্থান রাখার জন্য অনুরোধ করা হলো।
- ১১। উক্ত ছাড়পত্র ডিসেম্বর-২০২১ খ্রিঃ পর্যন্ত কার্যকর থাকবে।

ডেসকোর সার্বিক কার্যক্রমে আপনার সহযোগিতা একান্ত কাম্য।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে,



(প্রকৌঃ মোঃ আশরাফুল ইসলাম)

তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পিএভিডি), ডেসকো।

অনুলিপি (সদয় অবগতির জন্য) :

- ১। প্রধান প্রকৌশলী (পিএভিডি), ডেসকো।
- ২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এসএভিডি অপারেশন, ওয়েস্ট জোন-২।
- ৩। নিবাহী প্রকৌশলী, বিওবি বিভাগ (আগারগাঁও)।
- ৪। অফিস কপি।